দৈনিক জনকণ্ঠ

তারিখ .. 27 APR 2016 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ......

গাজীপুরে কারারক্ষী খুন

# প্রধান আসামি ভার্সিটি ছাত্র গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৬ এপ্রিল ॥ গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগারের অবসর-পূর্ব ছুটিতে থাকা (পিআরএল) সার্জেন্ট ইন্সট্রাক্টর রুস্তম আলী হাওলাদার কারা ফটকের সামনে গুলিতে নিহত হওয়ার ঘটনায় জয়দেবপুর থানায় মামলা দায়ের করা হয়েছে। নিহতের স্ত্রী নাসরিন আক্তার বাদী হয়ে মঙ্গলবার মামলাটি দায়ের করেন। পুলিশ মামলার প্রধান আসামিকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতের নাম মোঃ হিমেল (২২)। সে গাজীপুর সিটি কর্পোরেশনের দেওলিয়াবাড়ির হাসান আলীর ছেলে এবং রাজধানীর উত্তরা ইউনিভার্সিটির ছাত্র।

মামলায় বাদী উল্লেখ করেন, নিহতের ছোট ভাইয়ের মেয়েকে (ভাতিজি) উত্ত্যক্ত ও অপহরণ করার হুমকি দিয়ে আসছিল বখাটে যুবক হিমেল। এসবের প্রতিবাদ করতেন বাদীর স্বামী রুস্তম আলী। এতে হিমেল ক্ষিপ্ত হয়ে সঙ্গীদের নিয়ে রুস্তম আলীকে

*(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)*

## প্রধান আসামি

(প্রথম পৃষ্ঠার পর)

নানা হুমকি দিতে থাকে। ওই ঘটনার জের ধরে পূর্বপরিকল্পিত ভাবে এ হত্যাকাণ্ড ঘটানো হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

জয়দেবপুর থানার ওসি খন্দকার রেজাউল হাসান রেজা ও গাজীপুর ডিবি'র ওসি আমির হোসেন জানান, রুস্তম আলী হাওলাদার খুনের ঘটনায় নিহতের স্ত্রী বাদী হয়ে মঙ্গলবার মামলা দায়ের করেন। মামলায় হিমেলকে প্রধান আসামি করে ৪ জনের নাম উল্লেখ এবং অজ্ঞাত আরও ৪/৫ জনকে আসামি করা হয়েছে। মামলার আসামিরা হলো- গাজীপুর সিটি কর্পোরেশনের দেওলিয়াবাড়ির হাসান আলীর ছেলে মোঃ হিমেল (২২), একই এলাকার কাসেম আলী মাদবরের ছেলে আলতাফ (২৭), আব্দুস সালামের ছেলে আকাশ (২২) ও তাইজুদ্দিনের ছেলে সোহরাব (২২)। পুলিশ অভিযান চালিয়ে মামলার প্রধান আসামি হিমেলকে গ্রেফতার করেছে। এর আগে একই ঘটনায় নিহতের জামাতা সোহেল রানা (৩৫) এবং ঘটনাস্থল থেকে ফার্মেসীর মালিক সাইফুল ইসলাম ও পথচারী রফিককে সোমবার থানায় নিয়ে পুলিশ জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদ শেষে ৩ জনকে মঙ্গলবার ছেড়ে দেয়া হয়েছে। গাজীপুর ডিবি মামলাটির তদন্ত করছে।